# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# আপীল বিভাগ

স্মারক নং-২৬৮৪ / ২০২২ এসসি (এডি) তারিখঃ ২৭/০৬/২০২২ খ্রিঃ

**<u>রদ্দি কাগজ/পুরাতন পেপার বুক বিক্রয়ের</u>**

## <u>নিলাম বিজ্ঞপ্তি</u>

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ৩য় তলায় গোডাউনে রক্ষিত রদ্দি (Useless) কাগজ তথা পুরাতন পেপারবুক (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে **আগামী ০৪/০৭/২০২২ খ্রিঃ তারিখ বেলা ০২:০০ ঘটিকার** মধ্যে আপীল বিভাগের ৩০৭/এ কক্ষের সামনে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কোর্ট অফিসার শাখায় যোগাযোগ করে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের গোডাউনে রক্ষিত উক্ত রদ্দি কাগজ/পুরাতন পেপারবুক সরেজমিনে পরিদর্শন করা যাবে।

### <u>শর্তাবলী</u>

১। দরপত্রে রদ্দি কাগজ/পুরাতন পেপারবুক এর প্রতি কেজির মূল্য পৃথক ভাবে উল্লেখ করতে হবে।

২। দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।

৩। আগামী **০৪/০৭/২০২২ খ্রিঃ তারিখ বেলা ০২:৩০** ঘটিকায় দরপত্র দাখিলকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরিবর্নিত রদ্দি কাগজ/পুরাতন পেপারবুক Digital Weight Machine দিয়ে ওজন করতঃ ওজন মাফিক রদ্দি কাগজের সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষণাৎ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে গেইট পাশ সংগ্রহ পূর্বক নিদিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি মালামাল ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে বহন করতে হবে।

৫। নিলামকৃত মালামালের কোন ত্রুটি ধরা পড়লে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬। জামানত হিসাবে দরপত্রের সাথে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করিতে হইবে (ফেরতযোগ্য)। এক্ষেত্রে ব্যাংক চেক/নগদ অর্থ গ্রহনযোগ্য নয়।

৭। নির্ধারিত তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে রদ্দি কাগজ/পুরাতন পেপারবুক ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

৮। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লু-ইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।

৯। কর্তৃপক্ষ সর্বোচ্চ দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে,

২৭/৬/২২

(এম. এম. মোর্শেদ)
ডেপুটি রেজিস্ট্রার
(প্রশাসন ও অর্থ)